

বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম।

মডেল টেস্ট-১

এস.এস সি-২০২২

বিষয় : গার্হস্থ্য বিজ্ঞান

পূর্ণমান-৩০

বহুনির্বাচনী প্রশ্ন -১০

সঠিক উত্তর খাতায় লিখ

১০ x ১ = ১০

১। গৃহ ব্যবস্থাপনা প্রক্রিয়া প্রধানত কোনটিকে কেন্দ্র করে আবর্তিত হয় ?

ক) লক্ষ্য খ) পরিকল্পনা

গ) নিয়ন্ত্রন ঘ) মূল্যায়ন

২। গৃহ ব্যবস্থাপনার ক্ষেত্রে কোন লক্ষ্যের গুরুত্ব অনেক বেশি?

ক) দীর্ঘমেয়াদি খ) স্বল্পকালীন

গ) মধ্যবর্তীকালীন ঘ) তাৎক্ষণিক

৩। পরিবর্তনশীল এ পৃথিবীতে এবং পারিবারিক সংকটকালে গৃহ ব্যবস্থাপকের কোন গুণটি থাকা প্রয়োজন?

ক) অভিযোজ্যতা খ) আত্মসংযম

গ) অধ্যাবসায়

নিচের কোনটি সঠিক ?

ক) I ও II খ) I ও III গ) II ও III ঘ) I, II ও III

নিচে উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।

মিসেস্ তারিন অপ্রয়োজনীয় ও পুরানো জিনিস ফেলে না দিয়ে গৃহের নানা ধরণের সামগ্রী তৈরী করেন। এতে

তিনি সবার প্রশংসা অর্জন করেন।

৪। মিসেস্ তারিন কোন গুণটির কারণে সবার প্রশংসা পান?

ক) উদ্দীপনা খ) বিচারবুদ্ধি

গ) সৃজনশীলতা ঘ) আত্মসংযম

৫। উক্ত গুণটি অর্জন করতে হলে একজন গৃহ ব্যবস্থাপকের কোনটির ওপর নির্ভর করতে হয় ?

ক) উদ্দীপনা খ) দক্ষতা

গ) কল্পনাশক্তি ঘ) দৈহিকশক্তি

৬। মাতৃগর্ভের তাপমাত্রা কত ?

ক) ৯৮.৪° ফা খ) ৯৯° ফা

গ) ১০০° ফা ঘ) ১০০.৪° ফা

৭। বংশগতির ধারক ও বাহক কোনটি ?

ক) কোষ খ) প্রোটোপ্লাজম

গ) নিউক্লিয়াস ঘ) জিন

৮। মায়ের X ক্রোমোজমের সাথে বাবার X ক্রোমোজমের মিল হলে জন্ম হয় ?

- ক) ছেলে শিশু                      খ) মেয়ে শিশু  
গ) অসুস্থ শিশু                      ঘ) সুস্থ শিশু

৯। ভারতের প্রধান পুষ্টি উপাদান কোনটি?

- ক) ফ্যাট                                      খ) গ্লুকোজ  
গ) স্টার্চ                                      ঘ) অ্যামাইনো এসিড

১০। সীমা রক্তস্বল্পতায় ভুগছেন। এক্ষেত্রে তার দেহে কোন উপাদানটির ঘাটতি রয়েছে ?

- ক) লৌহ                                      খ) ক্যালসিয়াম  
গ) ফসফরাস                              ঘ) আয়োডিন

### রচনামূলক প্রশ্ন -২০

১। রুবলের ছোট একটি ভাই রয়েছে, রুবলের ভাইটিকে নিয়ে রুবলের নানী প্রতিদিন বেলা এগারোটার দিকে বারান্দায় রোদে বসেন। রুবল জানতে চাইল এটা তার নানী কেন করেন? নানী জানাল যে শিশুটির ভিটামিন ডি দরকার যা সূর্যে আলোতে পাওয়া যায়। রুবল দেখেছে যে তার মাকেও ডাক্তার ভিটামিন ডি ও ক্যালসিয়াম ট্যাবলেট দিয়েছে। রুবল ভাবল এ ভিটামিন সম্পর্কে তাকে জানতে হবে ?

- ক) ভিটামিন ডি এর রাসায়নিক নাম কি ?                                      ১  
খ) ভিটামিন ডি এর উৎস সংক্ষেপে বর্ণনা কর।                                      ২  
গ) রুবলের ভাইয়ের ক্ষেত্রে ভিটামিন ডি কী কাজ করবে? ব্যাখ্যা কর।                                      ৩  
ঘ) ভিটামিন ডি এর অভাব রুবলের ভাই ও মায়ের জন্য কতটা বিপজ্জনক? বিশ্লেষণ কর।                                      ৪

২। সোহেলীর বাবা একজন প্রতিষ্ঠিত ব্যাংকার। সোহেলীও বাবার মতো ব্যাংকার হতে চায়। তাই সোহেলী ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে এস এস সি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রস্তুতি গ্রহণ করছে। তার বাবা তাকে পড়াশুনার জন্য সার্বক্ষণিক সাহায্য করেন। অপরদিকে সোহেলীর মা মেয়ের নিয়মিত স্কুলে যাওয়া, পড়াশুনা করাসহ সার্বিক তত্ত্বাবধানের দায়িত্ব নেন।

- ক) গৃহ ব্যবস্থাপনা কী ?                                      ১  
খ) চাহিদা পূরণের জন্য সঠিক সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন কেন? ব্যাখ্যা কর।                                      ২  
গ) সোহেলীর ভবিষ্যতের পরিকল্পনাটি কোন ধরণের লক্ষ্য? ব্যাখ্যা কর।                                      ৩  
ঘ) সোহেলীর লক্ষ্য অর্জনে পরিবারের সদস্যদের পদক্ষেপসমূহ পাঠ্যপুস্তকের আলোকে মূল্যায়ন কর।                                      ৪